

প্রেস বিজ্ঞপ্তি  
১৫ সেপ্টেম্বর ২০২৩

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সিরাজগঞ্জ জেলা কার্যালয় কর্তৃক অদ্য ১৫ সেপ্টেম্বর ২০২৩ তারিখে সকাল ০৯.০০ ঘটিকা থেকে সকাল ১১.০০ ঘটিকা পর্যন্ত সিরাজগঞ্জ জেলার সদর উপজেলায় গোশালা বাজার ও বড় বাজারে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য নিয়ন্ত্রণে ও ভোক্তা অধিকার বিরোধী কার্য প্রতিরোধে অভিযান পরিচালিত হয়েছে। সহকারী পরিচালক জনাব মোঃ হাসান-আল-মারুফ সদর উপজেলার গোশালা কাঁচা মালের বাজারে জনপ্রিয় ভাডারকে নির্ধারিত মূল্যের চেয়ে বেশি মূল্যে আলু ও পৈয়াজ বিক্রয় করার অপরাধে ৫,০০০/- টাকা জরিমানা করা হয়েছে। এছাড়া মূল্য তালিকা আছে কিনা, ক্রয়- বিক্রয় ভাউচার সংরক্ষণ করছেন কিনা ইত্যাদি তদারকি করা হয়েছে এবং সরকার নির্ধারিত মূল্যে আলু, পৈয়াজ, ডিম বিক্রয় করার জন্য অনুরোধ করা হয়েছে এবং মাইকিং করে ভোক্তা ও ব্যবসায়ীদের সচেতন করা হয়েছে। উপর্যুক্ত অভিযানে সহায়তা করেছেন বাংলাদেশ আনসার ব্যটলিয়ন। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।

১৫.০৯.২০২৩

(মোঃ হাসান-আল-মারুফ)

সহকারী পরিচালক

জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর

সিরাজগঞ্জ জেলা কার্যালয়

মোবাইলঃ ০১৩১৮-৩৯৬৯৫৮